

💵 কুরআন ও হাদীছের আলোকে হজ্জ, উমরাহ ও মদীনা যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায়

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

সফরে দুই ওয়াক্তের সলাত একত্রে আদায় করা

যুহর ও আসর এবং মাগরিব ও ইশার সলাত একত্রে পড়ার প্রয়োজন হলে মুসাফিরের জন্য ইহা সুন্নাত। বিশেষ করে যখন সফররত অবস্থায় থাকবে। সুতরাং দুই ওয়াক্ত সলাত একত্রিত করার ক্ষেত্রে সলাতের প্রথম ওয়াক্ত বা শেষ ওয়াক্তের মধ্যে যেটা সহজ হয় তাই করবে।

আনাস বিন মালিক (রা.) হতে বর্ণিত, তিনি বলেন, নাবী (সা.) যদি সূর্য ঢলে যাওয়ার পূর্বে সফর শুরু করতেন তাহলে যুহর সলাতকে আসর পর্যন্ত বিলম্ব করে কোন স্থানে অবতরণ করতেন। অতঃপর দুই ওয়াক্ত জমা করে সলাত আদায় করতেন।[1] আর ভ্রমণ করার পূর্বে সূর্য ঢলে গেলে যুহর সলাত আদায় করে বাহনে আরোহণ করতেন।[2]

আর সুনানু বায়হাকীতে রয়েছে যে, আল্লাহর রসূল (সা.) এর সফর অবস্থায় সূর্য ঢলে পড়লে যুহর ও আসর একত্রিত করে আদায় করে নিতেন।

আর যদি মুসাফিরের দুই ওয়াক্ত সলাত জমা করে আদায় করার কোন প্রয়োজন না থাকে তাহলে জমা করবে না, যেমন কোন ব্যক্তি যদি এমন স্থানে অবস্থান করে থাকে যেখান থেকে পরবর্তী সলাতের ওয়াক্ত না হওয়া পর্যন্ত তার প্রস্থান করার ইচ্ছা নেই তাহলে দুই ওয়াক্ত সলাত একত্রিত না করাই উত্তম; কারণ, এর কোন প্রয়োজন নেই। এ জন্যই নাবী (সা.) যখন বিদায় হাজে মিনায় অবস্থান করেছিলেন তখন দু'ওয়াক্তের সলাত একত্রিত করে আদায় করেনি। কেননা এর কোন প্রয়োজন ছিল না।

ফুটনোট

- [1]. সহীহ বুখারী ১১১১
- [2]. সহীহ বুখারী ১১১২

• Source — https://www.hadithbd.com/books/link/?id=9393

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন